

মহান নেতা

আমিরুল হক

তাঁর জনাই পেয়েছি আমরা
পায়ের তলায় মাটি
তাইতো আমরা স্বাধীন স্বদেশে
বুকটা ফুলিয়ে হাঁটি ।

পেয়েছি আমরা বাঙালি হিসেবে
গর্বিত পরিচয়-
মুক্ত অহমে চলতে আজ যে
নেই কোনো সংশয় ।

তাঁর জনাই বলতে পারি যে
বাংলা আমার দেশ-
বিশ্বসভায় লালসবুজের
পতাকা উড়ছে বেশ ।

স্বপ্ন দেখেই ক্ষান্ত হননি
বাস্তবে রূপ দেন
সোনার বাংলা সোনার মতন
গড়ার শপথ নেন ।

এমন মানুষ কোথায় আছে রে
কোথা গেলে বলো পাই
বঙ্গবন্ধু শেখ মুজিবের
তুলনা যে আর নাই ।

তিনি আমাদের মুক্তিনায়ক
আপনার বলে জানি-
তাকে তো আমরা জাতির মহান
জনক বলেই মানি ।

মুজিব আমার ভোরের পাখি, প্রথম ফোটা ফুল

মহাদেব সাহা

মুজিব আমার ভোরের পাখি, প্রথম ফোটা ফুল

উপচে - পড়া ভর বর্ষার শিল্প নদীকূল;

সাঁঝ- আকাশে প্রথম ফুটে - ওঠা তারা

বাংলাদেশের তেরোশত নদীর জলধারা;

মুজিব আমার বাংলা ভাষার সবচেয়ে প্রিয় গান

সব শিশুর প্রথম পাঠ, বাংলা অভিধান;

মুজিব এই গন্ধে- ভরা মুষ্টি চাঁপা বন

মুজিব আমার অগ্নিবীণা, শান্তিনিকেতন;

ফেব্রুয়ারির প্রভাতফেরি, দীপ্ত মার্চমাস

মুজিব আমার স্বাধীনতার দীর্ঘ ইতিহাস;

মুজিব সব শহীদের মায়েদের চোখের জল

বাংলা বারো মাসের যতো প্রিয় ফুল ও ফল;

রাখালের উদাস বাঁশি, ভাটিয়ালি গানের শিহরণ

সবার বড়ো কাছের মানুষ, বড়ো আপনজন;

কালের খাতায় অমর নাম, মহাকালের কবিতা

মুজিব আমার মহাকাব্য, মুজিব জাতির পিতা ।

মুজিব! মুজিব!

সৈয়দ শামসুল হক

মুজিব! মুজিব! আকাশের নীল কালো মেঘে ঢেকে যায় ।
মুজিবের খুনে আকাশটা লাল আজো প্রতি সন্ধ্যায় ।
মুজিব ছিলো তো! মুজিব কোথায়! ভাঙ্গে পাড় পদ্মায় ।
ধানের সবুজে মুজিবের ঢেউ বাংলায় বহে যায় ।
মুজিব এখনো ডাক দিয়ে যায় প্রতি জয় বাংলায় ।
মুজিবের ধ্বনি বিজয়ের ধ্বনি ইতিহাস পৃষ্ঠায় ।
মুজিব! মুজিব! ডাক ভেঙে ওঠে ঘন সুর দোতারায় ।
মুজিব! মুজিব! জেগে ওঠে ভোর রাত্রির সীমানায় ।
মুজিব আছে তো তাই আজো মাঝি টান দেয় বৈঠায় ।
মুজিবের সাথে বাড়ি ফেরে আজো যাত্রীরা নৌকায় ।
বাড়িতে বাড়িতে বড় হয় শিশু ধূলিমাখা আঙিনায় ।
মাঠে মাঠে আজো কৃষক মাটিতে বীজধান বুনে যায় ।
আজো শ্রমিকেরা কারখানা কলে জাগে হাতুড়ির ঘায় ।
মুজিব ছিলো তো! মুজিব এখনো! ওই তাঁকে দেখা যায় ।
দেখা যায় ওই দিনের রৌদ্রে রাতের পূর্ণিমায় ।
আঁধারের বুকো এখনো আঘাত মুজিবই তো করে যায় ।
মুজিব মরে না, মরেনি মুজিব কোনো বুলেটের ঘায় ।
বুলেটে পতিত দেহই কেবল, অমর সে আত্মায় ।
মুছে ফ্যালো মিছে অশ্রু তোমার, আজো এই বাংলায়
কুটিরে পাথারে নগরে ও গ্রামে পায়ে পায়ে হেঁটে যায়-
অবিরাম হেঁটে চলেছে মুজিব রক্তচাদর গায় ।
মুজিব! মুজিব! জনকের নাম এত সহজেই মোছা যায়!